National Alliance For JUST TRANSITION Bangladesh

**Conference of the Parties (COP30)**

# Bangladesh Trade Union & Workers' Rights Charter




October 2025

Proposed by

**National Alliance for Just Transition Bangladesh (NAJTB)**

# Conference of the Parties (COP30)

# Bangladesh Trade Union & Workers' Rights Charter

National Alliance For JUST TRANSITION Bangladesh

**Proposed to**
Ministry of Environment, Forest and Climate Change (MoEFCC)
Government of the People's Republic of Bangladesh

**Proposed by**
National Alliance for Just Transition Bangladesh (NAJTB)

**Venue**
COP30, Belém, Brazil - 2025

**October 2025, Dhaka, Bangladesh**

Concept & Developed in Association with
**Bangladesh Labour Foundation (BLF)**

In Collaboration with
**Bangladesh Institute of Labour Studies (BILS) & MondiaalFNV**

## Preamble

We, the representatives of the workers of Bangladesh, united under the banner of the *National Alliance for Just Transition Bangladesh (NAJTB)*, hereby declare this Trade Union Charter ahead of the Conference of the Parties (COP30).

- Recognizing that workers from both the formal and informal sectors of Bangladesh are on the frontlines of the climate crisis, we affirm that climate justice is an inseparable part of workers' rights.
- Guided by the policies of the Government of Bangladesh, the conventions of the International Labour Organization (ILO), the Paris Agreement, and the principles of the UN Sustainable Development Goals (SDGs), we commit to ensuring a Just Transition one that leaves no worker or community behind in the transition toward a sustainable, low-carbon, and inclusive economy.
- The adverse effects of climate change, such as floods, cyclones, heatwaves, river erosion, and sea-level rise, disproportionately affect working people, particularly indigenous communities, marginalized groups, women, youth, and farmers. Therefore, we demand that all climate actions be founded on decent work, social protection, gender equality, democratic participation, and environmental responsibility.
- In solidarity with workers' movements around the world, we assert firmly that people must come before profit, rights before exploitation, and sustainable futures before short-term gains.

We recall the outcomes of COP29 held in Baku, Azerbaijan, under the "Baku Climate Unity Pact", which promised renewed momentum on climate finance, just transition, and global solidarity. However, the results fell short of expectations:

- The Baku conference adopted a "New Collective Quantified Goal (NCQG)", aiming to mobilize USD 300 billion annually by 2035 for developing countries.
- This amount was widely criticized as grossly inadequate, developing countries had demanded at least USD 1.3 trillion annually, while analysts estimate the real need exceeds USD 2 trillion.
- Critically, the Baku Declaration included no concrete commitments regarding workers' rights, job security, social dialogue, retraining, employment transition, or trade union participation.
- There was also no clear roadmap for phasing down fossil fuels or achieving a just transition, these were deferred to future conferences.
- As a result, developing nations, civil society, and trade unions have expressed deep frustration and concern about the credibility and effectiveness of the COP process itself.

In this context, through this Charter, we call upon the Government of Bangladesh, employers, civil society, and the global community to unite in creating a worker-centered climate action plan, one that ensures workers' social and economic security, strengthens collective bargaining, and makes them active partners in building a just and sustainable future.

# Bangladesh Trade Union & Workers' Rights Charter

**October 2025, Dhaka, Bangladesh**

Bangladesh is among the world's most climate-vulnerable countries. Workers across both formal and informal sectors are on the frontline of climate change and technological transformation. In this context, the National Alliance for Just Transition Bangladesh (NAJTB) calls upon the Government of Bangladesh to take a strong, principled stance for Just Transition at COP30, ensuring that workers' rights, dignity, and well-being remain at the heart of all climate-related actions.

This Charter calls for a Just Transition in which workers are not only protected but also play an active role in climate finance mechanisms and policymaking, so that climate policies create decent jobs, strengthen social security, and safeguard workers' health and livelihoods.

The NAJTB, a collective platform of trade unions, employers, civil society, and development partners, has been formed to promote a fair and inclusive transition for workers. Confronting growing climate risks and economic inequality, the Alliance seeks to keep workers' rights, social justice, and human rights at the center of national and global climate dialogues.

The Alliance aims to ensure that Bangladesh moves toward a sustainable, equitable, and fair future, in line with the ILO Guidelines for a Just Transition, the Paris Agreement, and other international frameworks, so that no worker or community is left behind.

**NAJTB's Key Demands to the Government of Bangladesh and COP30 Partners:**

## 1. Inclusion of Workers' Representatives at Every Stage of Climate Action

We urge the Government of Bangladesh and COP authorities to formally include workers and their representatives in every level of national and international climate governance. Workers' meaningful participation must be ensured in the formulation and implementation of Nationally Determined Contributions (NDCs), National Adaptation Plans (NAPs), and climate finance frameworks. We demand a tripartite (government–employers–workers) "National Just Transition Plan" with a clear roadmap and action framework. Workers' fair representation must also be ensured at COP and other global climate forums, so that the transition process reflects equality and justice from the workers' perspective.

## 2. Worker-Centered and Fair Inclusion in Climate Finance

Recognizing that working people bear the brunt of climate impacts, climate finance, especially the Loss and Damage Fund, must include direct and fair access for workers and their unions. Dedicated allocations must be made to ensure workers' social protection,

skill development, alternative livelihoods, and rehabilitation, with transparency and accountability in distribution. Workers' representatives must have a say in all spending decisions concerning affected workers.

## 3. Ensuring Job Security and Just Transition

Sector-specific Just Transition roadmaps must be developed for both formal and informal sectors. Informal sectors must be integrated into formal structures with time-bound measures to promote productive employment, safeguard jobs, build adaptive skills, and reduce job loss risks.

These roadmaps must include:

- Creation of decent jobs through sustainable investment
- Rehabilitation of workers affected by climate change
- Health protection and medical care for climate-impacted workers
- Job security during the transition period
- Income and social security protection
- Opportunities for reskilling and upskilling

## 4. Integrating Workers' Fundamental Rights into Climate Policies

All climate and industrial policies must incorporate ILO Core Labour Standards, including freedom of association, collective bargaining, equal treatment, and safe, harassment-free working environments. Safe and healthy workplaces must be ensured to cope with heat stress, pollution, and disaster risks. Informal and migrant workers must be brought under institutional frameworks guaranteeing fair wages and benefits. National social dialogues must ensure that NDCs, NAPs, and LT-LEDS (Long-Term Low Emission Development Strategies) are all worker-centered.

## 5. Including Just Transition Clauses in All Agreements

All climate, technology, and energy transition contracts (e.g., power purchase agreements) must include Just Transition clauses to ensure fair distribution of economic, social, and environmental benefits.

These should include:

- Mandatory local employment and priority for affected workers and communities
- Training programs for skill development toward decent green jobs
- Ensuring social and economic benefits for affected workers and communities

## 6. Gender Equality and Inclusive Transition

All climate and transition programs must promote gender justice by ensuring women's leadership, equal pay, equal treatment, and safe, women-friendly workplaces. A gender-

responsive budget must be developed for women workers in green and climate-resilient sectors, including the needs of indigenous peoples, marginalized groups, youth, and farmers.

## 7. Establishment of an Independent Monitoring Authority

To ensure transparency, accountability, and effective implementation of climate and labour transition policies, a national independent monitoring authority must be formed, comprising balanced representation of workers, employers, government, and civil society. This authority will monitor, evaluate, and publicly report on the progress of Just Transition, climate commitments, and labour rights implementation, ensuring that no worker or community is left behind.

## 8. Global Solidarity and Fair Responsibility

The NAJTB calls upon COP30 and global leaders to ensure climate justice by holding high-emission countries accountable for their financial and technological obligations, enabling climate-vulnerable nations to build adaptive and sustainable capacities. Multinational corporations and global supply chains must comply with Just Transition principles and Responsible Business Conduct (RBC) frameworks to secure fair wages, decent work, and workers' rights.

## 9. Declare COP30 as the "Implementation COP for Just Transition"

In solidarity with global trade unions, we demand that COP30 be recognized as the milestone COP for the implementation of Just Transition. Commitments made must move beyond paper and translate into action through meaningful trade union participation. The UNFCCC must enforce a Conflict-of-Interest Policy to protect the COP process from corporate lobbying and undue influence.

## 10. From Commitment to Implementation

We urge COP30 and UNFCCC leadership to transform Just Transition principles into actionable programs and make them a central pillar of global climate action. Financing mechanisms and national policies must prioritize workers' rights, social protection, and decent employment under a strong Commitment–Priority–Action (CPA) framework. Global climate frameworks must actively support worker-centered transitions in climate-vulnerable countries like Bangladesh through fair financing, inclusive governance, and capacity building, ensuring that no worker or community is left behind in the journey toward a sustainable, equitable, and resilient future.

> ***There is one Earth, protect it. One life, nurture it. Strengthen science and technology to combat climate shocks. Prevent destructive industrialization and adopt policies to protect forests and restore ecological balance.***

## কনফারেন্স অব দ্যা পারটিস (কপ-৩০)

# বাংলাদেশের ট্রেড ইউনিয়ন ও শ্রমিক অধিকার সনদ

National Alliance for
JUST TRANSITION
Bangladesh

**প্রাপক**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (MoEFCC)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রস্তাবক**

ন্যাশনাল অ্যালায়েন্স ফর জাস্ট ট্রানজিশন বাংলাদেশ (NAJTB)

**স্থান**

COP30, বেলেম, ব্রাজিল - ২০২৫

**অক্টোবর ২০২৫, ঢাকা, বাংলাদেশ**

**প্রস্তুত সহায়তায়**

**বাংলাদেশ লেবার ফাউন্ডেশন (বিএলএফ)**

**সহযোগিতায়**

**বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিস (বিলস) এবং মন্ডিয়াল এফএনভি**

## প্রস্তাবনা

আমরা, বাংলাদেশের শ্রমজীবী জনগণের প্রতিনিধি, ন্যাশনাল অ্যালায়েন্স ফর জাস্ট ট্রানজিশন বাংলাদেশ (NAJTB)-এর ব্যানারে ঐক্যবদ্ধ হয়ে, কপ-৩০ (COP30) কে সামনে রেখে এই ট্রেড ইউনিয়ন সনদ (Trade Union Charter) ঘোষণা করছি।

- বাংলাদেশের প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক উভয় খাতের শ্রমিকরা জলবায়ু সংকটের সম্মুখভাগে অবস্থান করছে, এই বাস্তবতাকে স্বীকার করে আমরা ঘোষণা করছি যে, জলবায়ু ন্যায্যতা শ্রমিক অধিকারের একটি অবিচ্ছেদ্য অংশ।
- বাংলাদেশ সরকারের নীতিমালা, আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর কনভেনশনসমূহ, প্যারিস চুক্তি, এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs)-এর মূলনীতি অনুসরণ করে আমরা একটি ন্যায্য রূপান্তর (Just Transition) নিশ্চিতের অঙ্গীকার করছি, যেখানে কোনো শ্রমিক কিংবা সম্প্রদায় টেকসই, নিম্ন-কার্বন ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির রূপান্তর প্রক্রিয়ায় পিছিয়ে থাকবে না।
- জলবায়ু পরিবর্তনের প্রভাবে (বন্যা, ঘূর্ণিঝড়, তাপপ্রবাহ, নদীভাঙন ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি) সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত শ্রমজীবী জনগোষ্ঠীর ওপর, বিশেষ করে আদিবাসী ও পিছিয়ে পরা জনগোষ্ঠী, যুবা ও কৃষকদের ওপর। তাই আমরা দাবি জানাচ্ছি যে, জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ সমূহ শোভন কাজ, সামাজিক সুরক্ষা, জেন্ডার সমতা, গণতান্ত্রিক অংশগ্রহণ এবং পরিবেশগত দায়িত্বশীলতার ভিত্তিতে গ্রহন করতে হবে।
- বিশ্বের শ্রমিক সংগঠনগুলোর সাথে সংহতি প্রকাশ করে আমরা দৃঢ়ভাবে দাবি জানাচ্ছি, জলবায়ু সংকটের সমাধানে মুনাফার আগে শ্রমিক, শোষণের আগে অধিকার, এবং স্বল্পমেয়াদি লাভের আগে টেকসই ভবিষ্যৎকে প্রাধান্য দিতে হবে।

আমরা আজারবাইজানের বাকু শহরে অনুষ্ঠিত COP29-এর ফলাফলকে স্মরন করছি, যা "বাকু ক্লাইমেট ইউনিটি প্যাক্ট"-এর অধীনে গৃহীত হয়েছিল। ঐ সম্মেলন জলবায়ু অর্থায়ন, ন্যায্য রূপান্তর ও বৈশ্বিক সংহতির নতুন গতি সৃষ্টির প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু এর ফলাফল বহু দিক থেকেই প্রত্যাশায় পৌঁছাতে ব্যর্থ হয়েছে-

- বাকু সম্মেলনে রাষ্ট্রসমূহ "নিউ কালেক্টিভ কোয়ান্টিফাইড গোল (NCQG)" নামে একটি চুক্তিতে পৌঁছায়, যার লক্ষ্য ছিল ২০৩৫ সালের মধ্যে উন্নয়নশীল দেশগুলোর জন্য বছরে ৩০০ বিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করা।
- কিন্তু, এই অঙ্কটি ব্যাপকভাবে অপর্যাপ্ত বলে সমালোচিত হয়; উন্নয়নশীল দেশগুলো বছরে অন্তত ১.৩ ট্রিলিয়ন মার্কিন ডলার দাবি করেছিল, এবং বিশ্লেষকদের মতে প্রকৃত প্রয়োজন বছরে ২ ট্রিলিয়ন ডলারেরও বেশি।

- শ্রমিক ও ট্রেড ইউনিয়নের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, বাকু ঘোষণায় শ্রমিক অধিকার, কাজের নিরাপত্তা, সামাজিক সংলাপ, পুনঃপ্রশিক্ষণ, কর্মসংস্থান রূপান্তর বা ইউনিয়নের অংশগ্রহণ বিষয়ে কোনো বাস্তব প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত করা হয়নি।
- তাছাড়া জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানো এবং ন্যায্য রূপান্তরের সুস্পষ্ট রূপরেখা নিয়েও ঐক্যমত্যে পৌঁছানো যায়নি; বরং বিষয়টি ভবিষ্যৎ সম্মেলনের ওপর ছেড়ে দেওয়া হয়েছে।
- উপরের উল্লেখিত কোনো প্রতিশ্রুতিই নির্দিষ্ট ফলাফলে পৌছায়নি, ফলে কপ প্রক্রিয়াটি আদৌ কার্যকর ও বিশ্বাসযোগ্য আছে কি না সেই প্রশ্নে উন্নয়নশীল দেশসমূহ, নাগরিক সমাজ ও ট্রেড ইউনিয়নগুলো গভীর হতাশা, ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছে।

এই প্রেক্ষাপটে, আমরা এই সনদের মাধ্যমে বাংলাদেশ সরকার, নিয়োগকর্তা, নাগরিক সমাজ এবং বৈশ্বিক সম্প্রদায়কে আহ্বান জানাই, ঐক্যবদ্ধভাবে এমন এক শ্রমিক-কেন্দ্রিক জলবায়ু কর্মপরিকল্পনা গড়ে তোলা প্রয়োজন, যা শ্রমিকদের সামাজিক ও অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিত করবে, সমষ্টিগত দরকষাকষিকে শক্তিশালী করবে, এবং তাদেরকে ন্যায্য ভবিষ্যৎ নির্মাণের সক্রিয় অংশীদার হিসেবে গড়ে তুলবে।

## কনফারেন্স অব দ্যা পারটিস (কপ-৩০)

# বাংলাদেশ ট্রেড ইউনিয়ন ও শ্রমিক অধিকার সনদ

**অক্টোবর ২০২৫, ঢাকা, বাংলাদেশ**

বিশ্বের জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান অন্যতম; আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় খাতের শ্রমিকরা আজ জলবায়ু পরিবর্তন ও প্রযুক্তিগত রূপান্তরের সম্মুখসারিতে অবস্থান করছেন। এই প্রেক্ষাপটে ন্যাশনাল অ্যালায়েন্স ফর জাস্ট ট্রানজিশন বাংলাদেশ (NAJTB) আহ্বান জানাচ্ছে, কপ৩০-এ বাংলাদেশ যেন ন্যায়সঙ্গত রূপান্তর (Just Transition)-এর পক্ষে দৃঢ় অবস্থান গ্রহণ করে, যাতে শ্রমিকদের অধিকার, মর্যাদা ও কল্যাণ জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ সমূহের কেন্দ্রবিন্দুতে প্রতিফলিত হয়। এই সনদে এমন এক ন্যায়সঙ্গত রূপান্তরের আহ্বান জানানো হয়েছে যেখানে শ্রমিকরা কেবল সুরক্ষিত নয়, বরং জলবায়ু অর্থায়ন প্রক্রিয়া ও নীতিনির্ধারণে কার্যকরী ভূমিকা রাখতে পারেন, যাতে জলবায়ু নীতিমালায়, শোভন কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তার সুরক্ষা জোরদার এবং শ্রমিকের স্বাস্থ্য ও জীবিকা সুরক্ষিত করা যায়।

ন্যাশনাল অ্যালায়েন্স ফর জাস্ট ট্রানজিশন বাংলাদেশ (NAJTB) ট্রেড ইউনিয়ন, নিয়োগকর্তা, নাগরিক সমাজ ও উন্নয়ন অংশীদারগণের যৌথ প্রচেষ্টায় শ্রমিকদের জন্যে একটি ন্যায়সংগত ও অন্তর্ভুক্তিমূলক রূপান্তরের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছে। ক্রমবর্ধমান জলবায়ু পরিবর্তনের ঝুঁকি ও অর্থনৈতিক বৈষম্যের মুখে, এই জোট চায় যাতে শ্রমিক অধিকার, সামাজিক ন্যায্যতা এবং মানবাধিকারের বিষয়টি জাতীয় ও বৈশ্বিক জলবায়ু আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকে।

এই জোটের লক্ষ্য, আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর ন্যায্য রূপান্তর নীতিমালা (Just Transition Guidelines) এবং প্যারিস চুক্তি-সহ অন্যান্য আন্তর্জাতিক কাঠামো অনুযায়ী, বাংলাদেশ যেন টেকসই, ন্যায়সঙ্গত ও সমতাভিত্তিক ভবিষ্যতের পথে অগ্রসর হয়, যেখানে কোনো শ্রমিক বা সম্প্রদায় পিছিয়ে থাকবে না।

**COP30-এ সরকারের প্রতি এবং অন্যান্য অংশীদারদের জন্য NAJTB-এর প্রধান দাবি সমূহ:**

### ১. জলবায়ু সংশ্লিষ্ট প্রতিটি ধাপে (নীতি নির্ধারনে, বাস্তবায়নের, পর্যবেক্ষনে) শ্রমিক প্রতিনিধি অন্তর্ভুক্তি

বাংলাদেশ সরকারের মাধ্যমে আমরা COP-এর প্রতি আহ্বান জানাই, যাতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জলবায়ু প্রশাসনের প্রতিটি ক্ষেত্রে শ্রমিক ও তাদের প্রতিনিধিদের আনুষ্ঠানিকভাবে অন্তর্ভুক্ত করা হয়। জাতীয়ভাবে নির্ধারিত অবদান (NDCs), জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAPs) এবং জলবায়ু অর্থায়নের কাঠামো প্রণয়ন ও বাস্তবায়নে শ্রমিকদের অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এই প্রেক্ষাপটে, আমরা ত্রিপক্ষীয় (সরকার, মালিক ও শ্রমিক) অংশগ্রহণের মাধ্যমে স্পষ্ট রোডম্যাপ ও কর্মপরিকল্পনা সংবলিত একটি "ন্যায্য রূপান্তরে জাতীয় পরিকল্পনা" প্রণয়ন করার জোর দাবি জানাই। পাশাপাশি, বাংলাদেশের শ্রমিকদের COP সহ বৈশ্বিক জলবায়ু

ফোরামে যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে, যাতে শ্রমিকদের দৃষ্টিকোণ থেকে ন্যায্য ও সমতা ভিত্তিক রূপান্তরের প্রক্রিয়া গড়ে ওঠে।

**২. জলবায়ু অর্থায়নে শ্রমিকদের কেন্দ্রবিন্দুতে রেখে ন্যায্য অন্তর্ভুক্তিকরন**

জলবায়ু পরিবর্তনের ফলে শ্রমজীবী মানুষ যে ক্ষতিগ্রস্থ হচ্ছে তার স্বীকৃতি দেয়া সহ, শ্রমিক ভিত্তিক নীতি ও জলবায়ু প্রভাবের কারনে ক্ষতিগ্রস্থদের সামনের সারিতে থাকা শ্রমিকদের জন্য জাতীয় ও আন্তর্জাতিক জলবায়ু অর্থায়ন, বিশেষ করে "Loss and Damage Fund"-এ সরাসরি ও ন্যায্য অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে। শ্রমিকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরন, দক্ষতা উন্নয়ন ও বিকল্প জীবিকা এবং পুনর্বাসন নিশ্চিতের লক্ষ্যে বিশেষ বরাদ্দ রাখতে হবে ও বরাদ্দ বৃদ্ধি করা, যাতে ট্রেড ইউনিয়ন ও তৃণমূল শ্রমিকরা স্বচ্ছ, জবাবদিহিমূলক ও সহজভাবে এই অর্থায়নের উপকারভোগী হতে পারেন। পাশাপাশি ক্ষতিগ্রস্থ শ্রমিকদের জন্য উক্ত অর্থ ব্যায়ের প্রতিটি ক্ষেত্রে শ্রমিক প্রতিনিধিদের অর্থবহ মতামত নিশ্চিত করা।

**৩. কাজের নিরাপত্তা ও ন্যায্য রূপান্তর নিশ্চিত করা**

প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক দুই খাতেই খাতভিত্তিক ন্যায্য রূপান্তর রোডম্যাপ তৈরি করতে হবে। একই সাথে অপ্রাতিষ্ঠানিক খাতগুলোকে প্রাতিষ্ঠানিক খাতে ন্যায্য রূপান্তরের পাশাপাশি এসব রোডম্যাপে সময় নির্ধারিত ব্যবস্থা থাকতে হবে যাতে উৎপাদনমুখী কর্মসংস্থান, চাকরির সুরক্ষা, অভিযোজন দক্ষতা বৃদ্ধি, নতুন দক্ষতা অর্জন এবং চাকরি হারানোর ঝুঁকি কমানো যায়।

রোডম্যাপগুলোতে অবশ্যই থাকতে হবে:

- টেকসই বিনিয়োগের মাধ্যমে সম্মানজনক শোভন চাকরির ক্ষেত্র সৃষ্টি
- জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের পুনর্বাসন নিশ্চিত করা
- জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা এবং চিকিৎসা নিশ্চিত করা
- রূপান্তরকালীন সময়ে চাকরির নিরাপত্তা
- আয় ও সামাজিক নিরাপত্তার সুরক্ষা
- পুনঃদক্ষতা ও নতুন দক্ষতা অর্জনের সুযোগ

**৪. জলবায়ু নীতিমালায় শ্রমিকদের মৌলিক অধিকার সংযুক্ত করা**

জলবায়ু ও শিল্পনীতি প্রণয়নে, সংগঠনের স্বাধীনতা, যৌথ দরকষাকষি, সম আচরণ, হয়রানীমুক্ত মর্যাদাকর নিরাপদ কর্মপরিবেশ সহ ILO-এর মৌলিক শ্রমমান, শোভন কাজের মান অন্তর্ভুক্ত করতে হবে। তাপমাত্রা বৃদ্ধিজনিত চাপ, দূষণ ও দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় সক্ষম নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। অপ্রাতিষ্ঠানিক ও অভিবাসী শ্রমিকদের প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় এনে ন্যায্য মজুরি ও সুবিধা নিশ্চিত করতে হবে। জাতীয় পর্যায়ের সামাজিক সংলাপের মাধ্যমে জাতীয়ভাবে নির্ধারিত অবদান (NDCs), জাতীয় অভিযোজন

পরিকল্পনা (NAPs) ও LT-LEDS (Long-Term Low Emission Development Strategies) সহ সকল জলবায়ু সংক্রান্ত নীতিমালা সমূহ শ্রমিককে কেন্দ্র করে প্রস্তুত করতে হবে।

**৫. সকল ধরনের চুক্তিতে ন্যায্য রূপান্তর ধারা অন্তর্ভুক্ত করা**

জলবায়ু, প্রযুক্তি ও জ্বালানি রূপান্তর সম্পর্কিত সকল চুক্তি (যেমন বিদ্যুৎ ক্রয় চুক্তি) তে ন্যায্য রূপান্তর সংক্রান্ত ধারা যুক্ত করতে হবে, যাতে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত সুবিধাগুলো ন্যায্যভাবে বণ্টিত হয়। এর মধ্যে থাকবে:

- স্থানীয় কর্মসংস্থানের বাধ্যবাধকতা ও ক্ষতিগ্রস্থ শ্রমজীবী ও জনগোষ্ঠীর অগ্রাধিকার
- উৎপাদনমুখী শোভন চাকরির জন্য শ্রমিকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ
- ক্ষতিগ্রস্থ শ্রমজীবী ও জনগোষ্ঠীর জন্য সামাজিক ও অর্থনৈতিক সুবিধা নিশ্চিত করা

**৬. জেন্ডার-সমতা ও অন্তর্ভুক্তিমূলক রূপান্তর**

সকল জলবায়ু ও রূপান্তর কর্মসূচিতে জেন্ডার-ন্যায্যতা প্রতিষ্ঠা করতে হবে। নেতৃত্বে নারীর অংশগ্রহন, সমমজুরি ও সমআচরন এবং নারী বান্ধব নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। সবুজ ও জলবায়ু-সহনশীল খাতে নারী শ্রমিকদের জন্য "জেন্ডার-সংবেদনশীল বাজেট" প্রণয়ন করতে হবে। এতে আদিবাসী ও পিছিয়ে পড়া জনগোষ্ঠী, যুবা ও কৃষকদের জীবন, সম্পদ এবং জীবিকার বিষয়টি অন্তর্ভূক্ত করা।

**৭. স্বাধীন "পর্যবেক্ষণ কর্তৃপক্ষ" গঠন**

জলবায়ু ও শ্রম রূপান্তর নীতির স্বচ্ছতা, জবাবদিহি ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে শ্রমিকদের যথাযথ ভারসাম্যপূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিত করে, মালিক, সরকার ও নাগরিক সমাজের প্রতিনিধিত্বের মাধ্যমে একটি স্বাধীন জাতীয় পর্যবেক্ষণ কর্তৃপক্ষ গঠন করতে হবে। তাদের দায়িত্ব হবে ন্যায্য রূপান্তর অগ্রগতি, জলবায়ু অঙ্গীকার ও শ্রম অধিকার বাস্তবায়নের অবস্থা পর্যবেক্ষণ, মূল্যায়ন ও প্রকাশ করা, যাতে কোনো শ্রমিক বা সম্প্রদায় রূপান্তর প্রক্রিয়ায় পিছিয়ে না থাকে।

**৮. বৈশ্বিক সংহতি ও ন্যায্য দায়বদ্ধতা**

ন্যাশনাল অ্যালায়েন্স ফর জাস্ট ট্রানজিশন বাংলাদেশ (NAJTB) COP30 ও বৈশ্বিক নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানাচ্ছে, জলবায়ু ন্যায়বিচার নিশ্চিত করতে উচ্চ নির্গমনকারী দেশগুলোর ন্যায্য আর্থিক ও প্রযুক্তিগত দায়িত্ব পালন করতে হবে, যাতে জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশগুলো সমানভাবে অভিযোজন ও টেকসই সক্ষমতা গড়ে তুলতে পারে।

বহুজাতিক প্রতিষ্ঠান ও বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলগুলোতে জাস্ট ট্রানজিশন নীতিমালা ও দায়িত্বশীল ব্যবসায়িক আচরণ (RBC) কাঠামো অনুসরণ করতে হবে, যাতে শ্রমিকদের ন্যায্য মজুরি, শোভন কাজ ও অধিকার সুরক্ষিত থাকে।

### ৯. COP30-কে “ন্যায্য রূপান্তর বাস্তবায়ন COP” হিসেবে ঘোষণা করা

বৈশ্বিক ট্রেড ইউনিয়নগুলোর দাবির সাথে একাত্মতা পোষণ করে আমরা দাবি জানাই, COP30-কে ন্যায্য রূপান্তরের বাস্তবায়নের মাইলফলক হিসেবে গড়ে তুলতে হবে। এখানে গৃহিত প্রতিশ্রুতিগুলো যেন শুধু কাগজে আবদ্ধ না থাকে, বরং ট্রেড ইউনিয়নের অর্থবহ অংশগ্রহণের মাধ্যমে বাস্তবায়নের রূপ পায়। শ্রমিক প্রতিনিধিদের ন্যায্য অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং কর্পোরেট প্রভাব প্রতিরোধে UNFCCC-এর প্রক্রিয়ায় স্বার্থসংঘাত নীতি (Conflict of Interest Policy) প্রয়োগ করতে হবে, যাতে কর্পোরেট লবিং থেকে COP30 নিরাপদ থাকে।

### ১০. প্রতিশ্রুতি থেকে বাস্তবায়ন

COP30 ও UNFCCC নেতৃত্বের প্রতি আহ্বান, ন্যায্য রূপান্তর নীতিমালাগুলোকে কার্যকর কর্মপরিকল্পনায় রূপান্তর করতে হবে এবং তা যেন বৈশ্বিক জলবায়ু কার্যক্রমের মূল স্তম্ভে পরিনত হয়। জলবায়ু কর্মসূচির অর্থায়ন ও জাতীয় নীতিমালায় শ্রমিক অধিকার, সামাজিক সুরক্ষা ও শোভন কর্মসংস্থান যেন বিশেষভাবে প্রাধান্য পায় তার জন্যে অঙ্গীকার, অগ্রাধিকার নির্ধারণ এবং কার্যকরী পদক্ষেপ - সিপিএ (CPA) বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

বৈশ্বিক জলবায়ু কাঠামোগুলোকে বাংলাদেশসহ জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোতে শ্রমিক-কেন্দ্রিক রূপান্তরকে ন্যায্য অর্থায়ন, অন্তর্ভুক্তিমূলক শাসন ও সক্ষমতা বৃদ্ধি নিশ্চিত করে সক্রিয়ভাবে সহায়তা করতে হবে, যাতে কোনো শ্রমিক বা সম্প্রদায় টেকসই, ন্যায়সংগত ও সহনশীল ভবিষ্যতের পথে পিছিয়ে না থাকে।

*“বিশ্ব একটাই একে রক্ষা কর, জীবন একটাই একে বিকশিত কর, জলবায়ু আঘাত মোকাবিলায় বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি কর। প্রাকৃতিক ভারসাম্য বিনষ্টকারী শিল্পায়ন রোধ ও বনায়ন রক্ষার নীতি গ্রহন কর।”*

**On behalf of the all workers (সকল শ্রমিকদের পক্ষে):**

National Alliance For
JUST TRANSITION
Bangladesh

COP30 BRASIL AMAZÔNIA BELÉM 2025

National Alliance For JUST TRANSITION Bangladesh

# Bangladesh Trade Union & Workers' Rights Charter

www.justtransitionbd.org